# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং- ০৩

তারিখ: ০৬ মাঘ ১৪২৬ / ২০ জানুয়ারি ২০২০

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত
ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

Deferred/Usance Payment ভিত্তিক রপ্তানি বিলের বিপরীতে বিল অব এক্সচেঞ্জের উপর ০.২০% হারে স্ট্যাম্প শুল্ক আদায় প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্ট্যাম্প প্রশাসন অধিশাখার ০৮.১২.২০১৯ তারিখের স্মারক নং ০৮.০০.০০০০.০৪০.২২.০০১.১৮-৯৯ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে যুক্ত করা হলো।

২। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
স্ট্যাম্প প্রশাসন অধিশাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৪০.২২.০০১.১৮-৯৯

তারিখ : ২৩ অগ্রহায়ণ, ১৪২৬
০৮ ডিসেম্বর, ২০১৯

বিষয়ঃ Deferred/Usance Payment ভিত্তিক রপ্তানী বিলের বিপরীতে বিল অব এক্সচেঞ্জের উপর ০.২০% হারে স্ট্যাম্প শুল্ক আদায় প্রসঙ্গে।

সূত্র (১) Bangladesh Garment Manufacturers & Exporters Association (BGMEA) এর পত্র নং-বিজিএ/কাস/ ২০১৯/৯৩৬৯, তারিখঃ ০৬-১০-২০১৯ খ্রিঃ।
(২) আইন ও বিচার বিভাগের পত্র নং-১০.০০.০০০০.১২৯.০৪.১৩৭.১৯-১৬০, তারিখ : ২৬ নভেম্বর ২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে Usance Payment ভিত্তিক রপ্তানী বিলের বিপরীতে বিল অব এক্সচেঞ্জ" এ ০.২০% হারে স্ট্যাম্প সংযুক্ত করার নির্দেশনা রহিত করার জন্য সূত্রোক্ত ১নং পত্রে BGMEA আবেদন করেন এবং আবেদনের সাথে একটি Law farm কর্তৃক প্রদত্ত legal opinion সংযুক্তক্রমে দাখিল করেন। বর্ণিত আবেদনটি legal opinionসহ আইন ও বিচার বিভাগে প্রেরণপূর্বক Usance রপ্তানী বিলের "বিল অফ এক্সচেঞ্জ" এ ০.২০% হারে স্ট্যাম্প ডিউটি রপ্তানীকারকদের উপরে প্রযোজ্য হবে কি-না সে বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। তদপ্রেক্ষিতে সূত্রোক্ত ২নং স্মারকের মাধ্যমে আইন ও বিচার বিভাগ হতে নিম্নোক্ত মতামত প্রেরণ করা হয়েছে :

"স্ট্যাম্প এ্যাক্ট এর ধারা ২৯ অনুযায়ী স্ট্যাম্প ডিউটি তাকেই পরিশোধ করতে হবে, যিনি বিল অব এক্সচেঞ্জ এর সম্পাদনকারী। কিন্তু রপ্তানীকারক এরুপ সম্পাদনকারী নন বরং তার অনুকূলে বিল অফ এক্সচেঞ্জ সম্পাদন করা হয়। যেহেতু রপ্তানীকারক বরাবর বিল অফ এক্সচেঞ্জ এর মাধ্যমে অর্থ প্রদান করা হয়, সেহেতু স্ট্যাম্প এ্যাক্ট এর ধারা ২৯ এ উল্লিখিত বিধান মতে স্ট্যাম্প ডিউটি রপ্তানীকারকদের উপর আরোপযোগ্য নয়। বর্ণিতাবস্থায়, Stamp Act, 1899 অনুযায়ী Usance রপ্তানী বিলের 'বিল অফ এক্সচেঞ্জ' এ ০.২০% হারে আরোপিত স্ট্যাম্প ডিউটি রপ্তানীকারকদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।"

০২। এমতাবস্থায়, আইন ও বিচার বিভাগ হতে প্রাপ্ত মতামত অনুসরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

( মোহাম্মদ নায়িরুজ্জামান )
উপসচিব
ফোন-০২ ৯৫৪০০৯৪।

গভর্ণর
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল বা/এ, ঢাকা।

নং-০৮.০০.০০০০.০৪০.২২.০০১.১৮-

তারিখ : ২৩ অগ্রহায়ণ, ১৪২৬
০৮ ডিসেম্বর, ২০১৯

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (স্ট্যাম্প প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৫। সভাপতি, Bangladesh Garment Manufacturers & Exporters Association, BGMEA Complex, House # 7/7A, Block # H1, Sector # 17, Uttara, Dhaka-1230.

( মোহাম্মদ নায়িরুজ্জামান )
উপসচিব

D:\Stamp Rayhan\Stamp Duty Exemtion\Letter Stamp.doc